



বেনাপোল ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্‌ স্টাফ এসোসিয়েশন BENAPOLE C & F AGENTS STAFF ASSOCIATION

রেজিঃ নং- খুলনা ৮৪৯, তাং-০৩-০৪-১৯৮৯ ইং।

স্থল বন্দর ৭নং গেটের সামনে, বেনাপোল, যশোর। মোবাঃ ০১৭১৯-৬৫৭১১৭

Web : www.bplstaffasso.com, E-mail : bplstaffasso@gmail.com

স্মারক নং- বেনাঃ/স্টাফ এসোসঃ/৩৪/২১

তারিখ : ১৪/১১/২০২২ইং

“কৃতি শিক্ষার্থীদের উপ বৃত্তি প্রদান বিজ্ঞপ্তি”

এতদ্বারা বেনাপোল সি এন্ড এফ এজেন্টস্‌ স্টাফ এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্যগণ কে জানানো যাচ্ছে যে, ২০২১ইং সালে প্রকাশিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি/দাখিল) ও উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচ এস সি/আলিম) পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মানের ফলাফল এবং ৩০ পারা কোরআনের হাফেজ অর্জনকারী সি এন্ড এফ এজেন্টস্‌ স্টাফ এসোসিয়েশনের সম্মানিত সদস্যগণের কৃতি সন্তানদের অত্র দপ্তরের পক্ষ থেকে উপ বৃত্তি প্রদান করা হবে।


সুতরাং সম্মানিত সদস্যগণের জিপিএ-৫ প্রাপ্ত এবং ৩০পারা কোরআনের হাফেজ সন্তানদের প্রয়োজনীয় কাগজপত্র আগামী ২৪/১১/২০২২ ইং তারিখের মধ্যে অত্র দপ্তর থেকে (অফিস চলাকালীন সময়ে) উপ বৃত্তির আবেদন ফরম সংগ্রহ করে জমা দেয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা যাচ্ছে।


উক্ত ফলাফল প্রাপ্তির স্ব-পক্ষে একাডেমিক শিক্ষাগত যোগ্যতার সনদপত্র প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত অনুলিপি এবং মেধাবী শিক্ষার্থী ও সদস্যের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ কপি করে মোট ২ কপি রঙ্গীন ছবি সংযুক্ত করতে হবে। আবেদন জমা দেওয়ার সময় মূল সনদপত্র প্রদর্শন করে বেনাপোল সি এন্ড এফ এজেন্টস্‌ স্টাফ এসোসিয়েশনের কার্যকারী কমিটি কর্তৃক সত্যায়িত করে নিতে হবে।

বিঃদ্রঃ- নতুন শিক্ষা নিতিতে প্রাথমিক শিক্ষা সমাপনী (৫ম শ্রেণী) ও জুনিয়র স্কুল সার্টিফিকেট (৮ম শ্রেণী) বোর্ড পরিক্ষা না থাকায় স্টাফ এসোসিয়েশন কর্তৃপক্ষ যথাযথ মূল্যায়ন করতে পারছে না।

সার্বিক তত্ত্বাবধানেঃ উপ বৃত্তি প্রদান উপ কমিটি, বেনাপোল সি এন্ড এফ এজেন্টস্‌ স্টাফ এসোসিয়েশন।

“ধন্যবাদান্তে”


মোঃ মুজিবুর রহমান
সভাপতি


মোঃ সাজেদুর রহমান
সাধারণ সম্পাদক

অনুলিপিঃ

- ১) সদস্যদের জ্ঞতার্থে সি এন্ড এফ এজেন্ট এর সকল অফিস।
- ২) অফিস কপি।